04 JUN 2025

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-২ শাখা

## ‘জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫’ উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| **সভাপতি** | : | ফরিদা আখতার<br>মাননীয় উপদেষ্টা<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| **তারিখ** | : | ২৫ মে ২০২৫ |
| **সময়** | : | সকাল ১১.০০ টা |
| **সভার স্থান** | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |

**সভার উপস্থিতি : তালিকা পরিশিষ্ট ‘ক’**

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। হয়। সভাপতির অনুমতিক্রমে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব (রুটিন দায়িত্ব) জনাব মোঃ তোফাজ্জেল হোসেন সভার প্রেক্ষাপট তুলে ধরে বলেন, দেশের মৎস্য সম্পদের টেকসই উন্নয়ন ও সম্প্রসারণ কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে প্রতি বছর দেশব্যাপী জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপিত হয়ে আসছে। প্রতি বছরের ন্যায় এ বছরও সকলের অংশগ্রহণে ব্যাপক উৎসাহ উদ্দীপনার সাথে ‘জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫’ উদযাপনের নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। তিনি আরো জানান, জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫ এর উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধান উপদেষ্টার অংশগ্রহণের সম্ভাবনা রয়েছে, ইতোমধ্যে এ সংক্রান্ত সার-সংক্ষেপ প্রেরণ করা হয়েছে। অতঃপর স্বাগত বক্তব্যে সভাপতি বলেন, জুলাই-আগস্ট এর ছাত্র-জনতার অভ্যুত্থানের বছরপূর্তি উদযাপনের কাছাকাছি সময়েই হয়তো জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫ উদযাপিত হবে। তবুও আশা করা যায়, মাননীয় প্রধান উপদেষ্টা শত ব্যস্ততার মাঝেও প্রধান অতিথি হিসেবে উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত থাকতে সদয় সম্মতি প্রদান করবেন। তিনি আরো বলেন, জুলাই-আগস্ট অভ্যুত্থানের মাধ্যমে নতুন বৈষম্যহীন বাংলাদেশ গড়ায় ছাত্র-ছাত্রীরাই যেহেতু প্রধান ভূমিকা পালন করেছে সেহেতু জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫ উদযাপনে তাদেরকে বিশেষভাবে সম্পৃক্ত করতে হবে। সেইসাথে জেলে/মৎস্যজীবী/মৎস্যচাষী/উদ্যোক্তার পাশাপাশি মৎস্য সম্পদ সংরক্ষণে যে সকল সরকারি-বেসরকারি দপ্তর/সংস্থা/সংগঠন/প্রতিষ্ঠান নিরলসভাবে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ও এর অধীন মৎস্য অধিদপ্তর, বিএফআরআই, বিএফডিসি’র সাথে একযোগে কাজ করে যাচ্ছে তাদেরকেও সম্পৃক্ত করতে হবে। দেশের অর্থনীতিতে এ খাতের অবদানকে সকলের সামনে তুলে ধরাই জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫ এর মূল উদ্দেশ্য।

০২। সভাপতির অনুমতিক্রমে জনাব জিয়াউল হক জুয়েল, প্রধান মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫ উদযাপনের প্রস্তুতিমূলক কার্যক্রম উপস্থাপন করেন। তিনি ‘জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫’ উদযাপনে প্রস্তুতকৃত কেন্দ্রীয় কর্মসূচি, জেলা ও উপজেলা পর্যায়ের কর্মসূচি, জেলা ও উপজেলা বাস্তবায়ন কমিটি, স্লোগান, লোগো, গণবিজ্ঞপ্তি, সংকলন, প্রেস ব্রিফিং/সংবাদ সম্মেলন মোবাইল এসএমএস, টিভি স্ক্রল, জাতীয় মৎস্য পদক ইত্যাদি বিষয় ধারাবাহিকভাবে উপস্থাপন করেন। এ পর্যায়ে মহাপরিচালক (ভারপ্রাপ্ত), মৎস্য অধিদপ্তর নৌ-র‍্যালি আয়োজনের প্রস্তাব করেন।

০৩। বিস্তারিত আলোচনান্তে ‘জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫’ উদযাপন উপলক্ষ্যে নিম্নবর্ণিত কার্যক্রম/কর্মসূচি গ্রহণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়:

ক. মাননীয় প্রধান উপদেষ্টার সানুগ্রহ সম্মতি সাপেক্ষে উদ্বোধন অনুষ্ঠানের দিন থেকে পরবর্তী সাতদিন ‘জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫’ উদযাপন করা হবে;

খ. জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫ এর প্রতিপাদ্য হবে **“অভয়াশ্রম গড়ে তুলি, দেশি মাছে দেশ ভরি”**;



প্রকাশ্য শাখা, মহাপরিচালকের দপ্তর
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা
তারিখঃ
দিনপঞ্জি নং

গ. মৎস্য অধিদপ্তর, ঢাকা মহানগরীর গুরুত্বপূর্ণ স্থান ও সড়কদ্বীপে (বিজয় সরণি, মৎস্য ভবন, প্রেসক্লাব, সচিবালয় ইত্যাদি) সপ্তাহব্যাপী সজ্জিত করবে;

ঘ. 'জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫' এর গণবিজ্ঞপ্তি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকা এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে (সোস্যাল মিডিয়া) প্রচার করা হবে;

ঙ. নির্বাচিত শ্লোগানটি বহুল প্রচারের জন্য 'জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫' শুরুর ০২ (দুই) দিন পূর্ব থেকে বাংলাদেশ টেলিভিশন, বেসরকারি টেলিভিশন চ্যানেলে স্ক্রল এবং মোবাইলে এসএমএস প্রেরণের মাধ্যমে জনসাধারণকে অবহিত করা হবে;

চ. 'জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫' এর লোগো নির্বাচন করা হলো:

ছ. 'জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫' বাস্তবায়নের জন্য কেন্দ্রীয় কর্মসূচির পাশাপাশি সকল জেলা ও উপজেলায় সাতদিন ব্যাপী বিভিন্ন কার্যক্রম/কর্মসূচি গ্রহণ করা হবে;

জ. কেন্দ্রীয়, জেলা ও উপজেলা পর্যায়ে ব্যানার, ফেস্টুনসহ বর্ণাঢ্য সড়ক র‍্যালি এবং ঢাকার হাতিরঝিলে নৌ-র‍্যালি আয়োজন করা হবে। নৌ-র‍্যালি মৎস্য অধিদপ্তর, বিএফডিসি এবং নৌ পুলিশ যৌথভাবে বাস্তবায়ন করবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনকে অবহিত করতে হবে;

ঝ. যেসব জেলা/উপজেলায় বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের (বিএফডিসি) মৎস্য অবতরণ কেন্দ্র আছে সেখানে মৎস্য অধিদপ্তর বিএফডিসির সাথে সমন্বয় করে অনুষ্ঠান পরিচালনা করবে;

ঞ. উদ্বোধন অনুষ্ঠানে পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠকারী এবং উপস্থাপক নির্বাচনের জন্য নিম্নরূপে কমিটি গঠন করা হলো:

| ক্র. নং | কর্মকর্তার নাম ও পদবী | কমিটিতে পদ |
|---|---|---|
| ১ | জনাব শাহীনা ফেরদৌসী, যুগ্ম সচিব (মৎস্য অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | আহবায়ক |
| ২ | ড. আমিমুল এহসান, উপপরিচালক (এ্যাকুয়াকালচার), মৎস্য অধিদপ্তর | সদস্য |
| ৩ | জনাব ছাইদা আক্তার পরাগ, উপসচিব (মৎস্য-২ শাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য সচিব |

**কার্যপরিধি:** কমিটি আগামী ১০ দিনের মধ্যে যাচাই বাছাই সম্পন্ন করে তালিকা চূড়ান্ত করবে

ট. মৎস্য সেক্টরের সাফল্যের বিষয়ে ব্যাপক প্রচার প্রচারণা করতে হবে। উপপরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর সমন্বয়কের দায়িত্ব পালন করবেন এবং মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা তাঁকে সর্বাত্মক সহযোগিতা করবেন। মৎস্য অধিদপ্তর প্রচারের লক্ষ্যে প্রয়োজনীয় লিফলেট ও ফোল্ডার তৈরীপূর্বক মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরসহ মাঠ পর্যায়ে বিতরণের ব্যবস্থা গ্রহণ করবে;

ঠ. মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং মৎস্য অধিদপ্তর 'জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫' এর কেন্দ্রীয় ও মাঠ পর্যায়ের কর্মসূচি নিবিড়ভাবে মনিটর করবে;

ড. 'জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫' উদযাপন উপলক্ষ্যে নিম্নরূপ কেন্দ্রীয় ও জেলা/উপজেলা পর্যায়ের কর্মসূচি বাস্তবায়ন করা হবে:

**জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫ এর কেন্দ্রীয় কর্মসূচি:**

| দিন | সময় | কার্যক্রম | স্থান | বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/দপ্তর |
|---|---|---|---|---|
| ১ম দিন | সকাল ১০:০০ টা | ক) জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫ এর আনুষ্ঠানিক শুভ উদ্বোধন;<br>খ) জাতীয় মৎস্য পদক-২০২৫ বিতরণ;<br>গ) সাংস্কৃতিক অনুষ্ঠান | ওসমানী স্মৃতি মিলনায়তন (সম্ভাব্য) | ১। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়;<br>২। মৎস্য অধিদপ্তর |
| | সুবিধাজনক সময়ে | বাংলাদেশ টেলিভিশনে আলোচনা অনুষ্ঠান | বাংলাদেশ টেলিভিশন রামপুরা, ঢাকা | ১। মৎস্য অধিদপ্তর;<br>২।মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর |
| ২য় দিন | সকাল ০৯:০০ টা | সড়ক র‍্যালি | মানিকমিয়া এভিনিউ থেকে শুরু হয়ে বিএআরসি পর্যন্ত | ১। মৎস্য অধিদপ্তর;<br>২।মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর |
| | সকাল ১০:০০ টা | মৎস্যখাতে ব্যবহৃত উপকরণ এবং প্রযুক্তি প্রদর্শন | বিএআরসি | ১। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়;<br>২। মৎস্য অধিদপ্তর |
| | সকাল ১০:০০ টা | বিভিন্ন স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয়ে আলোচনা সভা এবং মৎস্য বিষয়ক ভিডিও প্রদর্শণ | ঢাকা মহানগর | ১। মৎস্য অধিদপ্তর<br>২। পরিচালকের কার্যালয়, ঢাকা বিভাগ;<br>৩। জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় ঢাকা |
| ৩য় দিন | সকাল ১০:০০ টা | মৎস্য অভয়াশ্রমের গুরত্ব ও ভবিষ্যত করণীয় বিষয়ক সেমিনার আয়োজন | বিএআরসি ঢাকা | বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট |
| | সুবিধাজনক সময়ে | বেসরকারী টেলিভিশনে আলোচনা অনুষ্ঠান | ঢাকা | ১। মৎস্য অধিদপ্তর;<br>২।মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর |
| ৪র্থ দিন | সকাল ১০:০০ টা | মৎস্য আড়তে আলোচনা সভা এবং মৎস্য বিষয়ক ভিডিও প্রদর্শন | কাওরান বাজার মৎস্য আড়ত | ১। মৎস্য অধিদপ্তর;<br>২। বিএফডিসি |
| ৫ম দিন | সকাল ১০:০০ টা | মৎস্য ও মৎস্য পণ্য রপ্তানী বৃদ্ধিতে সম্ভাবনা ও করণীয় শীর্ষক আলোচনা সভা | চট্টগ্রাম | পরিচালকের কার্যালয় চট্টগ্রাম বিভাগ, মৎস্য অধিদপ্তর |
| ৬ষ্ঠ দিন | সকাল ১০:০০ টা | পোনামাছ অবমুক্তকরণ | হাতিরঝিল, ঢাকা | মৎস্য অধিদপ্তর |
| | সকাল ১১:০০ টা | নৌ-র‍্যালি | হাতিরঝিল, ঢাকা | ১। মৎস্য অধিদপ্তর;<br>২। নৌ বাহিনী;<br>৩। নৌ পুলিশ |
| | দিনব্যাপি | ভ্রাম্যমান (ট্রাক/পিকআপ ভ্যান) প্রচার প্রচারণা | ঢাকা মহানগর | ১। মৎস্য অধিদপ্তর;<br>২। মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর |
| ৭ম দিন | বিকাল ৪:০০ টা | জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫ এর মূল্যায়ন ও সমাপনী অনুষ্ঠান | কৃষিবিদ ইনস্টিটিউশন | ১। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়;<br>২। মৎস্য অধিদপ্তর |
| | সন্ধ্যা ০৭ টা | সাংস্কৃতিক অনুষ্ঠান | কৃষিবিদ ইনস্টিটিউশন | মৎস্য অধিদপ্তর |

৭২৪

**জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫ এর জেলা/উপজেলা কর্মসূচি:**

| দিন | কার্যক্রম | স্থান | বাস্তবায়নকারী সংস্থা/দপ্তর |
|---|---|---|---|
| ১ম দিন | ক) ব্যানার ফেস্টুন সহযোগে সড়ক র‍্যালি ও উদ্বোধন এবং আলোচনা অনুষ্ঠান;<br>খ) স্থানীয় পর্যায়ে সফল মৎস্য চাষি/ ব্যক্তি/ উদ্যোক্তা/ প্রতিষ্ঠানকে পুরস্কার/ পদক প্রদান;<br>গ) নির্বাচিত জলাশয়ে মাছের পোনা অবমুক্তকরণ | জেলা/ উপজেলা (সকল) | ১। জেলা প্রশাসক<br>২। জেলা মৎস্য কর্মকর্তা<br>৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা<br>৪। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ২য় দিন | মৎস্যচাষি, জেলে এবং মৎস্যজীবীগণের সমন্বয়ে জেলা/উপজেলার মৎস্য সম্পদের স্থায়ীত্বশীল এবং সর্বোত্তম ব্যবহার বিষয়ক মতবিনিময় সভা | জেলা/ উপজেলা পর্যায় (সকল) | ১। জেলা প্রশাসক<br>২। জেলা মৎস্য কর্মকর্তা<br>৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা<br>৪। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৩য় দিন | জনবহুল স্থানে প্রামাণ্যচিত্র প্রদর্শণ | জেলা/ উপজেলা (সকল) | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/ উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৪র্থ দিন | পুকুর/জলাশয়ের পানির ভৌত-রাসায়নিক গুণাগুন পরীক্ষা ও নিরাপদ মৎস্য উৎপাদন বিষয়ক ক্যাম্পেইন | জেলা/ উপজেলা (সকল) | ১। জেলা মৎস্য কর্মকর্তা/<br>২। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৫ম দিন | "মৎস্যখাতে টেকসই উন্নয়নে তরুণদের ভাবনা" শীর্ষক কর্মশালা/মতবিনিময় সভা | জেলা/ উপজেলা (সকল) | ১। জেলা মৎস্য কর্মকর্তা/<br>২। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৬ষ্ঠ দিন | স্কুল/কলেজে রচনা/কুইজ প্রতিযোগিতা<br>**অথবা**<br>মৎস্যজীবীদের নিয়ে ক্রীড়া প্রতিযোগিতা | জেলা/ উপজেলা (সকল) | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/ উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৭ম দিন | ক) জাতীয় মৎস্য সপ্তাহের মূল্যায়ন, সমাপনী অনুষ্ঠান<br>খ) সাংস্কৃতিক অনুষ্ঠান | জেলা/ উপজেলা (সকল) | ১। জেলা প্রশাসক<br>২। জেলা মৎস্য কর্মকর্তা<br>৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা<br>৪। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তা |

ঢ. জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৫' বাস্তবায়নের লক্ষ্যে নিম্নরূপ জেলা কমিটি, পার্বত্য জেলা কমিটি ও উপজেলা কমিটি:

**(ক) জেলা কমিটি (জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রণীত নয়)**

| ক্র:নং | কমিটির সদস্য | কমিটিতে পদ |
|---|---|---|
| ০১ | জেলা প্রশাসক | সভাপতি |
| ০২ | পুলিশ সুপার | সদস্য |
| ০৩ | পুলিশ সুপার, নৌ পুলিশ (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ০৪ | সিভিল সার্জন | সদস্য |
| ০৫ | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ০৬ | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| ০৭ | স্থানীয় বিশ্ববিদ্যালয় এর একজন শিক্ষক (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |

| ক্র:নং | কমিটির সদস্য | কমিটিতে পদ |
|---|---|---|
| ০৮ | সরকারি/বেসরকারি কলেজের শিক্ষক (১ জন, জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ০৯ | সরকারি/বেসরকারি স্কুলের শিক্ষক (১ জন, জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১০ | উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক/ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ১১ | উপ-পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১২ | উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর | সদস্য |
| ১৩ | জেলা কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও ভিডিপি | সদস্য |
| ১৪ | উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ১৫ | জেলা খাদ্য নিয়ন্ত্রক | সদস্য |
| ১৬ | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা | সদস্য |
| ১৭ | সদর উপজেলা নির্বাহী অফিসার | সদস্য |
| ১৮ | সিনিয়র তথ্য অফিসার/ জেলা তথ্য অফিসার | সদস্য |
| ১৯ | বেতার/টিভির আঞ্চলিক কর্মকর্তা (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ২০ | বাংলাদেশ কোস্ট গার্ডের একজন প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ২১ | বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট- এর একজন প্রতিনিধি | সদস্য |
| ২২ | বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন এর প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ২৩ | স্থানীয় চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ এর একজন প্রতিনিধি | সদস্য |
| ২৪ | জেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ২৫ | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ২৬ | জেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| ২৭ | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ২৮ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর উপজেলা | সদস্য |
| ২৯ | পাবলিক প্রসিকিউটর (পিপি) | সদস্য |
| ৩০ | গভার্নমেন্ট প্লীডার (জিপি) | সদস্য |
| ৩১ | কমান্ডার, সংশ্লিষ্ট জেলা মুক্তিযোদ্ধা সংসদ | সদস্য |
| ৩২ | প্রেসক্লাবের সভাপতি/সাধারণ সম্পাদক | সদস্য |
| ৩৩ | সমাজ সেবক (১ জন, জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৩৪ | এনজিও প্রতিনিধি (১ জন, জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৩৫ | জাতীয় মৎস্যজীবী সমিতির প্রতিনিধি | সদস্য |
| ৩৬ | বাংলাদেশ ক্ষুদ্র মৎস্যজীবী জেলে সমিতির প্রতিনিধি | সদস্য |
| ৩৭ | বাংলাদেশ জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ এর প্রতিনিধি | সদস্য |
| ৩৮ | প্রকৃত মৎস্যচাষিদের প্রতিনিধি (১ জন, জেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৩৯ | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ৪০ | জেলা মৎস্য কর্মকর্তা | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি:**

১। জেলা পর্যায়ের জন্য অনুমোদিত কর্মসূচি বাস্তবায়ন। প্রয়োজনবোধে নতুন কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন;

২। বাজেট বরাদ্দ অনুযায়ী ব্যয়ের তদারকীকরণ;

৩। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে এবং উপ-কমিটি গঠন করতে পারবে।

### খ) পার্বত্য জেলা কমিটি (রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলার জন্য)

| ক্র:নং | কমিটির সদস্য | কমিটিতে পদ |
|---|---|---|
| ০১ | মাননীয় চেয়ারম্যান, সংশ্লিষ্ট পার্বত্য জেলা পরিষদ | সভাপতি |
| ০২ | জেলা প্রশাসকের প্রতিনিধি | সদস্য |
| ০৩ | পুলিশ সুপারের প্রতিনিধি | সদস্য |
| ০৪ | পুলিশ সুপার, নৌ পুলিশের প্রতিনিধি | সদস্য |
| ০৫ | সিভিল সার্জনের প্রতিনিধি | সদস্য |
| ০৬ | পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের প্রতিনিধি | সদস্য |
| ০৭ | প্রধান নির্বাহী কর্মকর্তা, স্থানীয় সরকার পরিষদ | সদস্য |
| ০৮ | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ০৯ | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| ১০ | স্থানীয় বিশ্ববিদ্যালয়-এর একজন শিক্ষক (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ১১ | সরকারি/বেসরকারি কলেজের শিক্ষক (১ জন, জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১২ | সরকারি/বেসরকারি স্কুলের-শিক্ষক (১ জন, জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৩ | উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক | সদস্য |
| ১৪ | উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১৫ | জেলা কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও ভিডিপি | সদস্য |
| ১৬ | উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর | সদস্য |
| ১৭ | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ১৮ | জেলা খাদ্য নিয়ন্ত্রক | সদস্য |
| ১৯ | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা | সদস্য |
| ২০ | সদর উপজেলা নির্বাহী অফিসার | সদস্য |
| ২১ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর উপজেলা | সদস্য |
| ২২ | জেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| ২৩ | জেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ২৪ | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ২৫ | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ২৬ | সিনিয়র তথ্য অফিসার/জেলা তথ্য অফিসার | সদস্য |
| ২৭ | বেতার/টিভির আঞ্চলিক কর্মকর্তা (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ২৮ | বাংলাদেশ মৎসা গবেষণা ইনষ্টিটিউট/বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন এর প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ২৯ | স্থানীয় চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ এর একজন প্রতিনিধি | সদস্য |
| ৩০ | পাবলিক প্রসিকিউটর (পিপি) | সদস্য |
| ৩১ | গভার্নমেন্ট প্লীডার (জিপি) | সদস্য |
| ৩২ | কমান্ডার, সংশ্লিষ্ট জেলা মুক্তিযোদ্ধা সংসদ | সদস্য |
| ৩৩ | সিভিল সোসাইটির প্রতিনিধি (১ জন, জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৩৪ | সমাজ সেবক (১ জন, জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৩৫ | প্রেসক্লাব সভাপতি/সাধারণ সম্পাদক | সদস্য |
| ৩৬ | এনজিও প্রতিনিধি (১ জন, জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৩৭ | জাতীয় মৎস্যজীবী সমিতির প্রতিনিধি | সদস্য |
| ৩৮ | বাংলাদেশ ক্ষুদ্র মৎস্যজীবী জেলে সমিতির প্রতিনিধি | সদস্য |
| ৩৯ | বাংলাদেশ জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ এর প্রতিনিধি | সদস্য |
| ৪০ | প্রকৃত মৎস্য চাষিদের প্রতিনিধি (১ জন, জেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৪১ | জেলা মৎস্য কর্মকর্তা | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি:**

১। জেলা পর্যায়ের জন্য অনুমোদিত কর্মসূচি বাস্তবায়ন। প্রয়োজনবোধে নতুন কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন;

২। বাজেট বরাদ্দ অনুযায়ী ব্যয়ের তদারকীকরণ;

৩। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে এবং উপ-কমিটি গঠন করতে পারবে।

**(গ) উপজেলা কমিটি (জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রণীত নয়)**

| ক্র:নং | কমিটির সদস্য | কমিটিতে পদ |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী কর্মকর্তা | সভাপতি |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ০৩ | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| ০৫ | সরকারি/বেসরকারি কলেজের শিক্ষক (১ জন, উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত) | সদস্য |
| ০৬ | সরকারি/বেসরকারি স্কুলের শিক্ষক (১ জন, উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত) | সদস্য |
| ০৭ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ০৮ | অফিসার ইন চার্জ | সদস্য |
| ০৯ | থানার অফিসার ইন চার্জ, নৌ পুলিশ (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ১০ | কন্টিনজেন্ট কমান্ডার, বাংলাদেশ কোস্ট গার্ড (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ১১ | ম্যানেজার, বাংলাদেশ কৃষি ব্যাংক/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ১২ | খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ১৩ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ১৪ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| ১৬ | উপজেলা খাদ্য কর্মকর্তা | সদস্য |
| ১৭ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১৮ | উপজেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| ১৯ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকতা | সদস্য |
| ২০ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ২১ | সমাজ সেবক (১ জন, উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২২ | কমান্ডার, সংশ্লিষ্ট উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ | সদস্য |
| ২৩ | এনজিও প্রতিনিধি (১ জন, উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২৪ | জাতীয় মৎস্যজীবী সমিতির প্রতিনিধি | সদস্য |
| ২৫ | বাংলাদেশ ক্ষুদ্র মৎস্যজীবী জেলে সমিতির প্রতিনিধি | সদস্য |
| ২৬ | বাংলাদেশ জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ এর প্রতিনিধি | সদস্য |
| ২৭ | প্রকৃত মৎস্যচাষিদের প্রতিনিধি (১ জন, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২৮ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তা | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি:**

১। উপজেলার জন্য অনুমোদিত কর্মসূচি বাস্তবায়ন। প্রয়োজনবোধে নতুন কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন;

২। বাজেট বরাদ্দ অনুযায়ী ব্যয়ের তদারকীকরণ;

৩। কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে এবং উপ-কমিটি গঠন করতে পারবে।

ণ. জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫ উপলক্ষ্যে একটি স্মরণিকা প্রকাশ করতে হবে। স্মরণিকায় মাননীয় প্রধান উপদেষ্টা, এ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা, সচিব (রুটিন দায়িত্ব)), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, মহাপরিচালক (ভারপ্রাপ্ত), মৎস্য অধিদপ্তর এর বাণী থাকবে। একইসাথে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মাৎস্য বিজ্ঞান অনুষদের শিক্ষক ও ছাত্র-ছাত্রীসহ মৎস্য সেক্টরের সাথে সম্পৃক্ত ব্যক্তিদের লেখা, ছড়া, প্রবন্ধ, গবেষণা ইত্যাদি প্রকাশিত হবে;

ত. উদ্বোধন অনুষ্ঠান বাস্তবায়নের লক্ষ্যে মৎস্য অধিদপ্তর এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় প্রয়োজন অনুযায়ী কমিটি গঠন করবে;

থ. জাতীয় মৎস্য পদক ২০২৫ এর জন্য একজনও নারী মৎস্যচাষী/উদ্যোক্তা/কর্মকর্তা হতে আবেদন পাওয়া যায়নি, তাই নীতিমালা অনুযায়ী নারী মৎস্যচাষী/উদ্যোক্তা/কর্মকর্তাকে নির্বাচন করা সম্ভব হয়নি। কিন্তু মৎস্য সেক্টরে নারীর অপরিসীম অবদান বিশেষভাবে মূল্যায়নের দাবী রাখে বিধায় কমপক্ষে একজন নারী মৎস্যচাষী/উদ্যোক্তাকে বিশেষ পদক প্রদানের লক্ষ্যে মৎস্য অধিদপ্তর ও বিএফডিসি নতুন করে নারী মৎস্যচাষী/উদ্যোক্তার তথ্যসহ আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রস্তাব করবে;

দ. জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫ উদযাপন উপলক্ষ্যে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মাৎস্য বিজ্ঞান অনুষদ কর্তৃক আয়োজিত কার্যক্রম/কর্মসূচি জাতীয় কর্মসূচির অংশ হিসেবে গৃহীত হলো।

০৪। পরিশেষে, সভাপতি আসন্ন জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫ সাফল্যমন্ডিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে এবং মূল্যবান মতামত প্রদানের জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩.৬.২৫

(ফরিদা আখতার)
উপদেষ্টা
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়